

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়
টাঙ্গাইল।
tangail.judiciary.org.bd

আদেশ নং-১২৩

তারিখ : ১০ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
২৫ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ।


অফিস আদেশ

ফৌজদারী কার্যবিধির ১৭(২) ও ১৯২(২) ধারায় প্রদত্ত ক্ষমতা বলে সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন তথা আগামী ২৬-১০-২০১৮ হতে ২৭-১০-২০১৮ খ্রিঃ তারিখের জন্য সমগ্র টাঙ্গাইল জেলার আমলী (জি.আর/সি.আর) আদালত পরিচালনা করার জন্য সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট জনাব মোঃ শামছুল আলম-কে দায়িত্ব প্রদান করা গেল।

তিনি যথাসময়ে আদালতে উপস্থিত হয়ে আমলী (জি.আর/সি.আর) আদালতের মামলা সমূহের জামিন, রিমান্ড, জিন্মা সংক্রান্ত শুনানী গ্রহণ ও নিষ্পত্তি করবেন। তাছাড়া জি.আর আমলা সংক্রান্ত উদ্ভূত আসামীর দোষ স্বীকারমূলক জবানবন্দী সাক্ষীর/ভিকটিমের জবানবন্দী রেকর্ডসহ জরুরী যাবতীয় বিষয়াদি নিষ্পত্তি করবেন।

উল্লিখিত দিনগুলিতে সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ৪র্থ আদালতের বেঞ্চ সহকারী, স্টেনো-টাইপিষ্ট ও অফিস সহায়ক-কে যথাসময়ে আদালতে উপস্থিত থাকার নির্দেশ দেয়া গেল।

জনস্বার্থে এই আদেশ জারী করা হলো। সংশ্লিষ্ট সকলকে জ্ঞাত করা হোক।



২৫/১০/১৮

(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।

স্মারক নং-১০.০০.৯৩০০.০০১.১৮.০৪২.১৮/ ৫৭৭(১২)

তারিখ : ১০ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ
২৫ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। মাননীয় সিনিয়র জেলা ও দায়রা জজ, টাঙ্গাইল।
- ২। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
- ৩। পুলিশ সুপার, টাঙ্গাইল।
- ৪। জনাব মোঃ শামছুল আলম, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, টাঙ্গাইল।
- ৫। বিজ্ঞ সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, টাঙ্গাইল।
- ৬। কোর্ট পুলিশ পরিদর্শক, টাঙ্গাইল (বিষয়টি জি.আর.ও দেব অবহিতকরণের নির্দেশনাসহ)
- ৭। পি.এ টু সি.জে.এম টাঙ্গাইল।
- ৮। কম্পিউটার অপারেটর (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)
- ৯। স্টেনো-টাইপিষ্ট/বেঞ্চ সহকারী/অফিস সহায়ক, সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ৪র্থ আদালত, টাঙ্গাইল।
- ১০। জনাব মোঃ আলী আশরাফ, ড্রাইভার।

১১। অফিস কপি



২৫/১০/১৮

(মোহাম্মদ মোয়াজ্জেম হোসেন)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
টাঙ্গাইল।